01 JUL 2017
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ......

দৈনিক
আমাদের সময়

# ৩৫ কোটি পাঠ্যপুস্তক বিতরণ করা হবে ২০১৮ সালে

এম এইচ রবিন ●

৩৫ কোটি পাঠ্যপুস্তক তৈরির বিশাল কর্মযজ্ঞ শুরু করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। প্রতিবছরের মতো এনসিটিবি আগামী শিক্ষাবর্ষেও প্রথম ক্লাসেই শিক্ষার্থীদের হাতে তুলে দেবে পাঠ্যপুস্তক।

এনসিটিবির চেয়ারম্যান নারায়ণচন্দ্র সাহা আমাদের সময়কে জানান, প্রতিবারের মতো আগামী ১ জানুয়ারি সারা দেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের হাতে বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ করা সম্ভব হবে। সেই লক্ষ্যে এনসিটিবির পাঠ্যপুস্তক তৈরির বিশাল কর্মযজ্ঞ চলছে। সারা দেশের শিক্ষার্থীদের হাতে বছরের প্রথম দিন বই পৌছাতে সক্ষম– এটি এখন প্রতিষ্ঠিত। এখন আমরা বইয়ের যথাযথ মান নিশ্চিত করতে সর্বোচ্চ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি।

জানা গেছে, বর্তমান সরকার ২০১০ সাল থেকে ২০১৭ সাল পর্যন্ত ২২৫ কোটি ৪৩ লাখ ১ হাজার ১২৮টি পাঠ্যপুস্তক বিনামূল্যে শিক্ষার্থীদের মাঝে বিতরণ করেছে। এনসিটিবির এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬

## ৩৫ কোটি পাঠ্যপুস্তক

(প্রথম পৃষ্ঠার পর) তথ্য অনুযায়ী, ২০১৭ সালে বিতরণ হয়েছে ৩৬ কোটি ২১ লাখ ৮২ হাজার ২৪৫ কপি, ২০১৬ সালে ৩৩ কোটি ৩৭ লাখ ৬২ হাজার ৭৬০, ২০১৫ সালে ৩২ কোটি ৬৩ লাখ ৪৭ হাজার ৯২৩, ২০১৪ সালে ৩১ কোটি ৭৮ লাখ ১২ হাজার ৯৬৬, ২০১৩ সালে ২৬ কোটি ১৮ লাখ ৯ হাজার ১০৬, ১০১২ সালে ২২ কোটি ১০ লাখ ৬৮ হাজার ৩৩৩, ২০১১ সালে ২৩ কোটি ২২ লাখ ২১ হাজার ২৩৪ এবং ২০১০ সালে ১ কোটি ৯৯ লাখ ৯৬ হাজার ৫৬১ কপি।

চলতি শিক্ষাবর্ষের তুলনায় আগামী বছর পুস্তকের সংখ্যাগত দিক থেকে কম হওয়ার কারণ সম্পর্কে এনসিবিটির কর্মকর্তারা জানিয়েছেন, এ বছর টিচার্স গাইড এবং টিচার্স কারিকুলাম গাইড ছাপাতে হবে না। এগুলো গত বছর ছাপানো হয়েছে। এ ছাড়া বিগত বছরগুলোয় অনেক বই উদ্বৃত্ত থেকে যাওয়ায় এবার চাহিদা নিরূপণের ক্ষেত্রে মাঠ প্রশাসনকে মাত্রাতিরিক্ত চাহিদা না দেওয়ার নির্দেশনা ছিল।

প্রি-প্রাইমারি, প্রাইমারি, মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভার্সন), ইবতেদায়ি, দাখিল এবং দাখিল ভোকেশনাল, এসএসসি ভোকেশনালের শিক্ষার্থীরা প্রতিবছর বিনামূল্যের পাঠ্যপুস্তক পাচ্ছে। ব্রেইল পদ্ধতির পাঠ্যপুস্তক করা হচ্ছে দৃষ্টিপ্রতিবন্ধীদের জন্য। এ ছাড়া ক্ষুদ্র নৃগোষ্ঠীদের জন্য তাদের পাঁচটি মাতৃভাষায় মুদ্রিত হচ্ছে পাঠ্যপুস্তক। সব মিলিয়ে আগামী নতুন শিক্ষাবর্ষের জন্য প্রায় ৩৫ কোটি পাঠ্যপুস্তক ছাপানো হবে।

এ ছাড়া ১০১৭-১৮ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিকের 'বাংলা সাহিত্য পাঠ', 'বাংলা সহপাঠ' ও 'ইংলিশ ফর টুডে'– এই তিনটি বই ছাপানো হয়েছে এনসিটিবির তত্ত্বাবধানে। অন্য বিষয়গুলো ছাপানো হয় বিভিন্ন পুস্তক প্রকাশনা থেকে। তবে বইয়ের পাণ্ডুলিপি অনুমোদন দেয় এনসিটিবি।

এদিকে আজ শনিবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এনসিটিবি কার্যালয়ে একাদশ ও দ্বাদশ শ্রেণির ৩টি পাঠ্যপুস্তকের সাশ্রয়ী মূল্যে বিতরণ কার্যক্রম উদ্বোধন করবেন। শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রে এ তথ্য জানা গেছে।